

প্রধানমন্ত্রীর আশ্বাস জাবি শিক্ষার্থীদের অনশন ভঙ্গ

প্রতিনিধি জাবি

প্রধানমন্ত্রী আশ্বাসে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শরীফ এনাফুল কবিরের পদত্যাগের দাবিতে চলা টানা পাঁচ দিনের অনশন ভঙ্গ করল শিক্ষার্থীরা। গতকাল বিকেল ৪টার দিকে প্রধানমন্ত্রীর পক্ষে সরকারদলীয় সংসদ সদস্য ও বিশিষ্ট অভিনেত্রী সারা হোসেন কবরী অনশনরত ৮ শিক্ষার্থীর মুখে ছুঁস দিয়ে অনশন ভাঙেন। এ সময় তিনি বলেন, প্রধানমন্ত্রী জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সমস্যা সমাধানে আশ্বাস দিয়েছেন।

কবরী আন্দোলনরত শিক্ষক-শিক্ষার্থী ও মিডিয়া কর্মীদের উদ্দেশে বলেন, আমাদের সন্তানরা ন্যায়ের পক্ষে অন্যায়ের বিরুদ্ধে আন্দোলন করছে। এরাই প্রকৃত মুক্তিযুদ্ধের সন্তান। বঙ্গবন্ধু যে দেশ স্বাধীন

জাবি : পৃষ্ঠা : ১৫ ক : ৪

জাবি : শিক্ষার্থীদের

(১ম পৃষ্ঠার পর)

করার যন্ত্র দেখিয়েছেন তা বাস্তবায়নের পরিপ্রেক্ষিতে আমাদের।

তিনি বলেন, জাহাঙ্গীরনগর, রাজশাহীসহ বিশ্ববিদ্যালয়গুলোতে মারামারি হানাহানি হচ্ছে। এতদুপা কি শেষ হবে না? শিক্ষকদের মধ্যে এই বিতর্কে কি শেষ হবে না? অবশ্যই শেষ হওয়া প্রয়োজন। তিনি বলেন, প্রধানমন্ত্রী অস্তর থেকে আশ্বাস দিয়েছেন। তিনি চান না আর কোন হানাহানি-মারামারি হোক। আমরা আশা করি সব শিক্ষক এয়ার এক হয়ে এই ক্যাম্পাসকে গড়ে তুলবেন। তাদের মধ্যে বিভাজন হবে কেন? কেন এর মধ্যে থেকে ভৃতীয় শক্তি সুবিধা নিবে।

অনশন ভাঙার সময় শিক্ষক-সমাজের নেতারা ছাড়াও উপস্থিত ছিলেন বিশিষ্ট চলচ্চিত্র নির্মাতা মোহাম্মদ হাল্লাল। তিনি আন্দোলনকারী শিক্ষার্থীদের বলেন, তোমরা যে আন্দোলন করে আসছ তা শতভাগ ন্যায়সঙ্গত।

শিক্ষক-সমাজের আহ্বায়ক অধ্যাপক দাসিম আক্তার হোসাইন বলেন, আমরাও প্রধানমন্ত্রীর আশ্বাসের ভিত্তিতে দুদিন আগে আন্দোলন প্রত্যাহার করে নিয়েছি। আজ সেই আশ্বাসের ভিত্তিতে আমাদের সহযোগিতা শিক্ষার্থীরাও তাদের অনশন প্রত্যাহার করে নিয়েছে। আমরা প্রধানমন্ত্রীর আশ্বাসে পূর্ণ আস্থা রাখি। তবে যদি কোনো কারণে উপাচার্যের পদত্যাগ ব্যাহত হয়, তাহলে আমরা পুনরায় কঠোর আন্দোলনে যাব।

সাংস্কৃতিক জোটের সাধারণ সম্পাদক শাকিল শাহমিন এ সময় প্রধানমন্ত্রীর আশ্বাসের ভিত্তিতে আন্দোলন স্থগিত ও

অনশন প্রত্যাহারের বিষয়টি তুলে ধরেন। উল্লেখ্য, গত বুধবার আন্দোলনরত শিক্ষক সমাজের ১২ সদস্যের প্রতিনিধি দল প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে। তারা উপাচার্যের পদত্যাগের একপত্রা দাবির কথা প্রধানমন্ত্রী শেষ হাদিসার সামনে তুলে ধরেন। তাদের বক্তব্য শেষে প্রধানমন্ত্রী তার ওপর পূর্ণ আস্থা রাখার আহ্বান জানান।

এদিকে প্রধানমন্ত্রীর পদক্ষেপকে সাধুবাদ জানিয়েছে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন জাবি শাখা।